



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

জেলা পরিষদ, ফরিদপুর।

www.zpfaridpur.org

স্মারকনং-জেপফ/প্রশাঃ/২১(০৫)/৪৮

তারিখঃ

২২ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ

০৭ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ (জেলা পরিষদ শাখা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ০৭.০৩.২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.১১.০১১.৩৭৭ নং স্মারকে প্রাপ্ত ছাড়পত্র মোতাবেক ফরিদপুর জেলা পরিষদের নিম্নবর্ণিত শূন্য পদসমূহে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিয়োগের লক্ষ্যে জেলা পরিষদ চাকুরী বিধিমালা, ১৯৯০ মোতাবেক ২০১৫ সালের জাতীয় বেতন স্কেলে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	বয়সসীমা
০১.	নিম্নমান সহকারী- কাম- মুদ্রাক্ষরিক	হেড-১৬ (৯৩০০- ২২৪৯০)	০১	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং ইংরেজী প্রতি মিনিটে ৪০ শব্দ এবং বাংলায় প্রতি মিনিটে ৩০ শব্দ টাইপ করার যোগ্যতাসহ কম্পিউটার চালনায় প্রয়োজনীয় দক্ষতা থাকতে হইবে।	২৩.০৩.২০২৩ তারিখে প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম ও সর্বোচ্চ বয়স ১৮- ৩০ বৎসর হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধী আবেদনকারীর ক্ষেত্রে সর্বোচ্চ বয়স হবে ৩২ বৎসর। বয়স নিরূপণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার
০২.	বার্তাবাহক	হেড-১৮ (৮৮০০- ২১,৩১০)	০১	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ।	২২.০৯.২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৯ নং স্মারক মোতাবেক ২৫.০৩.২০২০
০৩.	ফটোকপি অপারেটর- কাম-দপ্তরী	হেড-১৮ (৮৮০০- ২১,৩১০)	০১	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ।	তারিখে যে সকল প্রার্থী সর্বোচ্চ বয়সসীমার মধ্যে ছিলেন সে সকল প্রার্থীও আবেদন করতে পারবেন।
০৪.	অফিস সহায়ক	হেড-২০ (৮২৫০- ২০,০১০)	০২	অষ্টম শ্রেণির স্কুল সার্টিফিকেট/সমমান পরীক্ষায় উত্তীর্ণ।	

শর্তাবলীঃ

- প্রার্থীকে সাদা কাগজে স্বহস্তে আবেদন করতে হবে। আবেদনে নিজের নাম, পিতার নাম/ স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর, পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও স্থায়ী বাসিন্দা হতে হবে।
- আবেদনপত্র প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ফরিদপুরকে সম্বোধন করে আগামী ২৩.০৩.২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জেলা পরিষদ, ফরিদপুর কার্যালয়ে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবেনা। খামের উপর মোটা অক্ষরে পদের নাম উল্লেখ করতে হবে।
- বিভাগীয় প্রার্থী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবে।
- আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ
 - ক. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি।
 - খ. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার ছায়াছবি।
 - গ. নাগরিক সনদপত্রের সত্যায়িত কপি।
 - গ. মুক্তিযোদ্ধা ও প্রতিবন্ধী বা অন্যান্য কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সনদের সত্যায়িত কপি।

০৫. আবেদনপত্রের সাথে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ফরিদপুর এর অনুকূলে যেকোন তফশিলী ব্যাংকের ২০০/- (দুই শত) টাকার পে- অর্ডার/ ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।
০৬. কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।
০৭. এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য নন। কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
০৮. নিয়োগ সংক্রান্ত বিস্তারিত তথ্য জেলা পরিষদের ওয়েবসাইট ও জেলা পরিষদ কার্যালয় থেকে জানা যাবে।

স্বা/-ঃ

০৭.০৩.০২৩

(মোঃ মুজিবুর রহমান)

(উপসচিব)

প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ, ফরিদপুর।

ফোনঃ ০৬৩১-৬১০৩০

e-mail: ceo@zpfaridpur.org